



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

কলেজ শাখা

E-mail : ic@bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd



স্মারক নং চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/৬৯৯৭ (২৭০)

তারিখ : ২৩/০২/২০২২খ্রি:

**বিষয় : উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র নির্বাচন প্রসঙ্গে।**


সূত্র : ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০২০.২৩৬, তারিখ: ২০/০২/২০২২ খ্রি:  
খ) অত্রবোর্ডের স্মারক নং চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/৬৮৯৭ (২০০) তারিখ : ২৫/০১/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন উচ্চ মাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত 'খ' স্মারকমূলে মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক ২১/০১/ ২০২২খ্রি: হতে কোভিড-১৯ মহামারীর কারণে দেশের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করায় অত্রবোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের 'গভর্নিং বডি' নির্বাচন কার্যক্রম স্থগিত / বন্ধ করা হয়েছিল। সূত্র 'ক' স্মারকমূলে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান চালু হওয়ায় প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ১২ থেকে প্রবিধি ২৮ পর্যন্ত দফাগুলো অনুসরণপূর্বক উক্ত প্রবিধানমালার প্রবিধি ৪ মোতাবেক গভর্নিং বডি গঠন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য নির্বাচন সংক্রান্ত কার্যক্রম পূর্বে যে অবস্থায় বন্ধ রাখা হয়েছিল সেখান থেকেই আবার কার্যক্রম শুরু করা যাবে।

Intermediate and Secondary Education Board 1961 (E.P. Ord. No. XXXIII of 1961) এর Section-II 39 (2) (vi) এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



( প্রফেসর মোঃ জাহেদুল হক )

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
চট্টগ্রাম।

প্রাপক :

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান / প্রিজাইডিং অফিসার / রিটার্নিং কর্মকর্তা।

স্মারক নং চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/৬৯৯৭ (২৭০)

তারিখ : ২৩/০২/২০২২খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাউশি, ঢাকা।
- ৩। জেলা প্রসাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৬। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
চট্টগ্রাম।